1023 I 662 2000Rs.

INDIA NON JUDICIAL

२000रु. Rs 2000

सत्यमेव जयते

भारत

दो हज़ार रुपये TWO THOUSAND RUPEES

Admissible under Regn. Rule 21 duly stamped (or exempt from or dose not require Stamp duty) under the Indian stamp Act. 1899 as amended in 1976. Schedule 1A No 58A+5(4) Process fee Rs.... Paid in cfs. fee Paid

A- 649.00
E- 7.00
656.00

পারিবারিক নিরূপণ পত্র দলিল

বা

ডিড অফ ফ্যামিলি সেটেলমেন্ট ॥

সমগ্র সেটেলমেন্টকৃত সম্পত্তির আনুমানিক মূল্য

৬০,০০০.০০ ষাট হাজার টাকা ॥

| | |
|---|---|
| সেটেলর বা সেটেলমেন্ট দাত্রী :- | শ্রীমতী আরতি ঘোষ, স্বামী মৃত অমর কুমার ঘোষ ওরফে অমরেন্দ্র নাথ ঘোষ, জাতি- হিন্দু, পেশা-গৃহস্থালী সাং - ৩৫।এ, পূর্ণ মিত্র লেন, থানা - টালিগঞ্জ কলিকাতা - ৭০০০৩৩ ॥ জেলা - দক্ষিণ ২৪ পরগণা ॥ |
| বেনিফিসিয়ারীগণ বা | ১। শ্রী সুমিত কুমার ঘোষ |

19436

Smt. Arati Ghosh
35 A Purna Mitra Place
Cal-36

Alipore Collectorate
Treasury
9/2/93

Arati Ghosh

Presented for Registration at 11/55 A.M./P.M. on the 17th day of Feb 1993 at the Sadar (Registration Office) Alipore South 24-Parganas by Arati Ghosh Executant / Claiment as one of the Executant / Claimants or Attorney for ........ Executant / Claiment under a Power of attorney No. ........ of 19 ........ authenticated by the ........ Registrar of ........

2000
400
10
2410

Arati Ghosh

Lt. Amar Kumar Ghosh alias Amarendra Nath Ghosh
of 35/A, Purna Mitra Lane
P.S. Tollygunge
Calcutta-33
Hsewife.

17/2/93

1037

Arati Ghosh

Asoke Sengupta
Advocate
Alipore Criminal Court
Cal-27

Identified by me
Asoke Sen Gupta
Advocate
Alipore Criminal Court
Calcutta 27.

17/2/93

200Rs.

INDIA NON JUDICIAL

২০০ রু. Rs 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये TWO HUNDRED RUPEES

( ২ )

Arati Ghosh

বেনিফিসিয়ারীগণ - উভয়ের পিতা মৃত অমর কুমার ঘোষ ওরফে অমরেন্দ্র নাথ ঘোষ, সর্ব্ব জাতি-হিন্দু, উভয়ের পেশা - ব্যবসা,
সাং - ৩৫।এ, পূর্ণচন্দ্র মিত্র লেন, কলিকাতা - ৩৩
থানা - টালিগঞ্জ, জেলা - দক্ষিণ ২৪ পরগণা ॥

****************************************

কস্য পারিবারিক ব্যবস্থা পত্র দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, সাব রেজেষ্ট্রী অফিস আলিপুর থানা টালিগঞ্জ অত্র জেলা কালেকটারীর ১২৯৮/২৮৩৩ নং তৌজি ভুক্ত ও ডিহি পঞ্চানন গ্রাম সন্নিস্ত ডিভিসন -৬, সাবডিভিশন " এস" হোল্ডিং এবং সাবেক ৪৮ বি,ও ৪৮ হাল ৪১ সাবেক টালিগঞ্জ মিউনিসিপ্যালিটি ভুক্ত সাবেক ৩৬ এবং তদপর

19436

Arabi Ghosh

35A Purna ... Place

Cal 38

... Collectorate

9/7/93

2000
400
10

2410

SUB-REGISTRAR

200Rs.

INDIA NON JUDICIAL

২০০রু. Rs 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये TWO HUNDRED RUPEES

( ৩ )

হাল কৃত চিহ্নিত ৩৫।এ নং পূর্ণ চন্দ্র মিত্র লেন, প্রেমিসেস ভুক্ত ও বিগত গভ : ডিষ্ট্রিক সেটেলমেন্ট জরিপের জে এল : নং ৪০, মৌজা কাঁকুলিয়া খতিয়ান নং ৩৯৯ অধীন ৪২৪ নং চারিশত চব্বিশ দাগস্থিত কমবেশী ৩ তিন কাঠা ৭ সাত ছটাক ২ দুই স্কোয়ারি ফিট বা .০৫৭ শতক বাস্তু জমি জমা মায় তদুপরিস্থিত পাকা গৃহাদির মধ্যে দক্ষিণ দিকস্থ একবন্দে কমবেশী ১ এক কাঠা ৩ তিন ছটাক ১২ বার স্কোয়ার ফিট পরিমিত বাস্তু জমি জমা মায় তদুপরিস্থিত পাকা দুই কামরা শয়ন ঘর, রান্না ঘর, পায়খানা উঠান কলাউন্ড, প্রাচীর, ইলেকট্রিক ফিটিংস মায় সাজপাট সমেত গৃহাদি মায় ২০' ফুট প্রশস্থ পূর্ণ চন্দ্র মিত্র লেন, নামক রাস্তা হইতে ৩' - ৬" প্রশস্ত লিংক কমন প্যাসেজের উপরিস্থিত সর্বপ্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি আমি অত্র সেটেলর বা সেটেলমেন্ট দাত্রী বিগত ৬ ই ডিসেম্বর ১৯৬৮ সাল তারিখে

19436

Smt Arati Ghosh
35 A Purna Mitra place
Cal-38

Collectorate
Treasury

9/4/93

2000
1100
10
2410

1—
2 200
1—

10 RS.

दस रूपये

सत्यमेव जयते

भारत

INDIA

१०रू. TEN RUPEES 10Rs.



Arati Ghosh

জয়েন্ট সাব রেজিস্ট্রী আলিপুর অফিসে রেজিস্ট্রীকৃত একবেতা বহি নং ১, ভলিউম নং ১১৭ পাতা নং ১৫৪ হইতে ১৫৮ লিপিবদ্ধ ৭০৮৫ নং দানপত্র দলিল মূলে দান সূত্রে আমার ভাগিনী শ্রীমতী সরস্বতী ঘোষের নিকট হইতে উক্ত দলিল বলে নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইয়া উহাতে বসবাসের দ্বারা একক ষোল আনা নির্ব্যূঢ় স্বত্বে স্বত্বাবতী ও ভোগ দখলকারিনী আছি ও হইতেছি । এবং স্থানীয় মিউনিসিপ্যাল কর্পোরেশনের অফিসে নিজ নাম পত্তন পূর্ব্বক ৩৫।এ, পূর্ণ চন্দ্র মিত্র লেন, কলিকাতা-৩৩ নং প্রেমিসেস ভুক্ত ২১- ০৮৯ - ১৬ - ০২৩৬ - ৪ নং এ্যাসেসি নং সম্পত্তির ট্যাকসাদি যথারীতি নিজ নাম বরাবর আদায় দিয়া অত্র বেনিফিসিয়ারি গণকে লইয়া বসবাসাদির দ্বারা মালিক বিধায় ভোগ দখল করিয়া আসিতেছি ।

তোমরা অত্র বেনিফিসিয়ারীগণ বা সেটেলমেন্ট গ্রহিতাগণ সহ আমার তিন কন্যা যথাক্রমে ১) শ্রীমতী রূপা সরকার, স্বামী শ্রী সুজিত কৃষ্ণ সরকার, সাং - ২।২৮ আদর্শ পল্লী, কলিকাতা - ৭০, থানা রিজেন্ট পার্ক, ২) শ্রীমতী রুনা ঘোষ, স্বামী শ্রী সমর চন্দ্র ঘোষ সাং - ৬৭ সুভাষ সরনী, বাঁশদ্রোনী, থানা -

19436

Smt Arati Ghosh
3.5 A Parsi Bagan Place
Cal 38

83

9/7/53

2000
400
10
2410/-

22 200

থানা রিজেন্ট পার্ক, এবং ৩) শ্রীমতী রুবী বসু, স্বামী শ্রী কল্যাণ কুমার বসু, সাং - হাওড়া, বিদ্যমান । আমার অবর্তমানে যাহাতে আমার উক্ত ও নিম্ন তপশীল ত্যক্ত সম্পত্তি লইয়া আমার ওয়ারিশানগনের মধ্যে ভবিষ্যতে কোনরূপ বিবাদ বিসম্বাদ উপস্থিত না হয় তাহা নিরশনের জন্য এবং নিম্ন তপশীল ভুক্ত সম্পত্তি অত্র বেনিফিসিয়ারি বা সেটেলমেন্ট গ্রহিতাগনের অর্থাৎ আমার পুত্রদ্বয়ের অনুকূলে নিয়োজিত হয় ইহাই আমার ঐকান্তিক ইচ্ছা । সেই মর্মে অত্র দলিল বলে আমার স্বত্ব দখলীয় অত্র সম্পত্তির একটি বিধি ব্যবস্থা করিয়া দিলাম । যাহা আমার অবর্তমানে আমার সকল ওয়ারিশান চিরতরে মান্য করিয়া চলিতে বাধ্য থাকিবেক । আমার উক্ত কন্যাগণকে যথেষ্ট অর্থ ব্যয়ে সুপাত্রে বিবাহাদি দিয়াছি তাহারও সুখে শান্তিতে নিজ নিজ স্বামী গৃহে বসবাস করিতেছে । আমি আমার স্বত্ব দখলীয় নিম্ন তপশীল ভুক্ত সম্পত্তিতে আমার উক্ত কন্যাগণকে কোন অংশ দিলাম না । তাহারা আমার অবর্তমানে আমার ত্যক্ত নিম্ন তপশীল ভুক্ত সম্পত্তিতে ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণক্রমে যে কোন প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করিতে পারিবেক না । করিলেও তাহা সর্বত্র সর্বাদালতে বাতিল বা নামঞ্জুর বলিয়া গন্য হইবেক ।

প্রকাশ থাকে যে, আমার জীবিত কাল পর্যন্ত আমি আমার নিম্ন তপশীল ভুক্ত সম্পত্তিতে ট্রাষ্ট্রী স্বরূপ থাকিয়া কাহাকেও উক্ত ট্রাষ্ট ভুক্ত সম্পত্তির হিসাব না দর্শাইয়া মালিক বিধায় ভোগ দখল করিতে থাকিব । উহার উন্নতি সাধন এবং ভাড়াবিলি ও ভাড়াটিয়া উচ্ছেদ, নিজ নাম বরাবর ট্যাক্স ও খাজনাদি আদায় দিয়া ইচ্ছামত ভোগ দখলীকার থাকিব । আমার দেহবসানের পর অত্র ট্রাষ্ট্রীর অবসান হইবে এবং আমার স্বত্ব দখলীয় উক্ত সম্পত্তিতে অত্র সেটেলমেন্ট গ্রহিতাগণ বা বেনিফিসিয়ারী গণ নিব্যুঢ় স্বত্বে মালিক স্বত্ববান হইয়া ভোগ দখলীকার থাকিবে ও অত্র সাথ গ্রথিত নকসায় বা প্ল্যানে অঙ্কিত চিহ্নিত মতে প্রদর্শিত অংশে অত্র গ্রহিতাগণ ওয়ারিশানগণক্রমে দান, বিক্রয়, বন্ধকাদি সর্বপ্রকার হস্তান্তর ও

Arati Ghosh

ও রূপান্তর করনের সর্ব্ববিধ ক্ষমতাযুক্ত ওয়ারিশানগণক্রমে ভোগদখল করিতে থাকিবেক , তাহাতে আমার কন্যাগণ বা অপর কোন ওয়ারিশানগণ বা উক্ত কন্যাগনের ওয়ারিশানগণ বা স্থলাভিষিক্তগণক্রমে কেহ কস্মিন কালে ও কোন প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করিতে পারিবেক না , করিলেও তাহা সর্বত্র সর্বাদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গন্য হইবেক ।

প্রকাশ থাকে যে, আমি স্বেচ্ছায় আমার স্বত্ব দখলীয় উক্ত সম্পত্তি নির্দিষ্ট ও চিহ্নিত করিয়া পুত্রদের অর্থাৎ অত্র বেনিফিসিয়ারগনের জন্য যে অংশ চিহ্নিত করিয়া দিলাম তাহার সেই অংশ নিব্যূঢ় স্বত্বে প্রাপ্তির পর যদি কোন প্রকার কেহ হস্তান্তর করিবার ইচ্ছা করিলে তাহার মূল্য উল্লেখ করিয়া অপর পুত্রকে রেজেষ্ট্রীকৃত ৩ মাস কাল সময় দানে নোটিশ দিতে বাধ্য থাকিবে ও উহা প্রাপ্তির পর সেই পক্ষ অপারগ হইলে উক্ত মূল্যের বা তাহার উর্দ্ধমূল্যে উহা ৩য় পক্ষকে হস্তান্তর করিতে পারিবে।

প্রকাশ থাকে যে অত্র বেনিফিসিয়ারী গনের অনুকূলে নির্দিষ্টকৃত অংশের মধ্য ভাগ দিয়া যে কমন দেওয়াল থাকিল তাহা উভয় গ্রহিতাগণ কমন হিসাবে ব্যবহার করিবে ও যে যাহার অংশ নিজ খরচাদিতে মেরামত করিবে । উহাতে কেহ জানালা দরজা বসাইতে পারিবে না বা উহার ক্ষতি জনক কোন কার্য্য করিবে না । এবং দ্বিতলে গৃহাদি নির্মান কালে উক্ত কমন দেওয়ালের উপর যে দেওয়াল তৈয়ারী হইবে তাহাও কমন দেওয়াল হিসাবে গন্য হইবে । কমন প্যাসেজ উভয় বেনিফিসিয়ারীগণ কমন হিসাবে যৌথ ব্যায়ে ভোগ দখল কালে একে অন্যের বাঁধা সৃষ্টি করিতে পারিবেক না ও উভয়ে জল, কল, নর্দমা বহাল করিবে উক্ত প্যাসেজ অত্র সাথ গ্রথিত নকসায় হলুদ রং এ সীমাবদ্ধ রহিল । অত্র সেটেলমেন্টকৃত সম্পত্তির মূল দলিল খানি ১ নং





১ নং বেনিফিসিয়ারী বা গ্রহিতা শ্রী সুমিত কুমার ঘোষের নিকট থাকিবে । সে ওয়ারিশান-গণক্রমে অপর বেনিফিসিয়ারী ২ নং গ্রহিতা বা তাহার ওয়ারিশানগনের প্রয়োজনে দর্শাইতে ও অফিসাদিতে দাখিল করিতে বাধ্য থাকিবে ।

প্রকাশ থাকে যে, আমার সৃত্ব দখলীয় নিম্নের' ক' তপশীল ভুক্ত সম্পত্তির মধ্য গ্রথিত প্ল্যান প্রদর্শিত লট' এ' চিহ্নিত লাল রংয়ের সীমারেখা দ্বারা বেষ্টিত অংশ যাহা নিম্নে' খ' তপশীল ভুক্ত উপরোক্ত শর্তমতে কমন প্যাসেজের ইজমেন্ট সৃত্বাদি সহ সম্পত্তি নিব্যূঢ় সৃত্বে আমার অবর্তমানে ১ নং বেনিফিসিয়ারী বা সেটেলমেন্ট গ্রহিতা শ্রী সুমিত কুমার ঘোষ নিজাংশে প্রাপ্ত হইয়া ওয়ারিশানগণক্রমে অন্যের নিরাংশে একক ষোল আনা রূপে মালিক বিধায় ভোগ দখলীকার থাকিবেক । এবংআমার সৃত্ব দখলীয় ' ক' তপশীল ভুক্ত সম্পত্তির মধ্যে গ্রথিত প্ল্যানে প্রদর্শিত লট' বি' রূপে চিহ্নিত সবুজ রংয়ের সীমারেখা দ্বারা বেষ্টিত অংশ যাহা নিম্নে' গ' তপশীলে বর্ণিত উপরোক্ত শর্ত মতে কমন প্যাসেজের ইজমেন্ট সৃত্বাদি সহ সম্পত্তি নিব্যূঢ় সৃত্বে আমার অবর্তমানে ২ নং বেনিফিসিয়ারী বা সেটেলমেন্ট গ্রহিতা শ্রী অমিত কুমার ঘোষ , নিজাংশে প্রাপ্ত হইয়া ওয়ারিশানগণক্রমে অন্যের নিরাংশে একক ষোল আনা রূপে মালিক বিধায় ভোগ দখলিকার থাকিবেক ও স্থানীয় মিউনিসিপ্যাল কর্পোরেশান অফিসে আমার নামের স্থলে তোমাদিগের নিজ নাম নিজাংশের **জন্য পত্তন করত:** সর্বপ্রকার হস্তান্তর সর্বপ্রকার ক্ষমতা প্রাপ্ত হইবে । অত্র সেটেলমেন্টকৃত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ ও মুক্ত অবস্থায় আছে ও হইতেছে ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে ও বিনাপ্ররোচনায় স্বেচ্ছায় অত্র পারিবারিক ব্যবস্থা পত্র বা ডিড অফ ফ্যামিলি সেটেলমেন্ট দলিলে সহি সম্পাদন পূর্বক অদ্য তারিখে রেজিস্ট্রী করিয়া লইলাম । ইতি তাং ইংরাজী ১৯৯৩ সালের ১৭ই ফেব্রুয়ারী মোতাবেক বাংলা সন ১৩৯৯ সনের ৫ই ফাল্গুন ।



'ক' তপশীল উক্ত সেটেলমেন্ট কৃত
সমগ্র সম্পত্তির পরিচয় ও উহার চৌহদ্দি : -

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা টালিগঞ্জ, সাবরেজিস্ট্রী অফিস আলিপুর অত্র জেলা কালেকটারীর $\frac{১২৯৮}{২৮৩৩}$ নং তৌজি উক্ত ডিহি পঞ্চান্নগ্রাম সম্বলিত ৬ নং ডিভিসনের অধীন সাব ডিভিশন উক্ত " এস" হোল্ডিং নং সাবেক ৪৮ বি ও ৪৮ হাল ৪১ অন্তর্গত সাবেক টালিগঞ্জ মিউনিসিপ্যালিটির সাবেক ৩৬, তদপরে ৮৮ নং প্রিন্স রহিমুদ্দিন লেন বর্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অধীন ৩৫ নং পূর্ণ চন্দ্র মিত্র প্লেস, কলিকাতা - ৩৩ গৃহ নং বিগত গভর্নমেন্ট ডিস্ট্রিকট সার্ভে সেটেলমেন্ট জরীপের জে : এল : নং ৪০, মৌজা কাঁকুলিয়া খতিয়ান নং ৩৯৯ অধীন ৪২৪ চারিশত চব্বিশ নং দাগস্থিত উপরোক্ত রূপে দান সূত্রে প্রাপ্ত একক ষোল আনা স্বত্ব দখলীয় কমবেশী ১ এক কাঠা ৩ তিন ছটাক ১২ বার স্কোয়ার ফুট পরিমিত বাস্তু জমি জমা মায় তদুপরি স্থিত পুরাতন জগ্নপ্রাপ্ত গৃহাদি মায় ২০ ফুট প্রশস্ত পূর্ণ চন্দ্র মিত্র লেন হইতে অত্র সম্পত্তিতে অবাধ যাতায়াত মালামাল আনায়নের, জল, কল, নর্দমা চলাচল ইলেকট্রিক লাইন ইত্যাদি সর্ব্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি অত্র দলিলের সার্তে বর্ণিত আমার পুত্র দুয়ের অনুকূলে সেটেলমেন্টকৃত সম্পত্তি হইতেছে।

উহার চৌহদ্দি : -

উত্তরে : ৩৫ নং পূর্ণ চন্দ্র মিত্র লেন, প্রেমিসেস উক্ত সম্পত্তি।
দক্ষিনে : ৩৪ নং পূর্ণ চন্দ্র মিত্র লেন প্রেমিসেস উক্ত সম্পত্তি।
পূর্ব্বে : ৪৫ নং পূর্ণ চন্দ্র মিত্র লেন, প্রেমিসেস উক্ত সম্পত্তি।
পশ্চিমে : ৯২।১ পূর্ণ চন্দ্র মিত্র লেন, প্রেমিসেস উক্ত সম্পত্তি।

[illegible] DISTRICT SUB-REGISTRAR
[illegible]

Arati Ghosh



" খ " তপশীল উক্ত সম্পত্তি যাহা ১ নং বেনিফিসিয়ারী গ্রহিতা শ্রীসুমিত কুমার ঘোষের নিব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইবে।

উহার পরিচয় , চৌহদ্দি : -

**********************************************

উপরোক্ত 'ক' তপশীল উক্ত সম্পত্তির মধ্যে অত্র সাথ গ্রথিত নকসায় কৃত চিহ্নিত মতে প্রদর্শিত ইংরাজী লট ' এ' রূপে চিহ্নিত লাল রংয়ের সীমাকৃত অংশ যাহা দান সূত্রে প্রাপ্ত সমুদয় একতল পাকা গৃহাদির মধ্যে পশ্চিমাংশস্থিত কমবেশী ৩৭৭ ১/২ বর্গফুট পরিমিত বাস্তু জমি জমা মায় তদ্‌পরিস্থিত এক কামরা শয়ন ঘর, রান্না ঘর, বাথরুম, পায়খানা মায় তদসংলগ্ন পূর্ব দিকে ও উত্তর দিকে আংশিক ৩' ফুট ৩" ইঞ্চি ও ৪ ফুট প্রশস্ত কমন প্যাসেজের উপরিস্থিত সর্বপ্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি অত্র দলিলের ১ নং সেটেলমেন্ট গ্রহিতা একক নিব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইবেক ।

উহার আনুমানিক মূল্য ৩০,০০০ ত্রিশ হাজার টাকা মাত্র ।

উহার চৌহদ্দি : -

******************

উত্তরে : ৪ ফুট প্রশস্ত কমন প্যাসেজ তদপর শ্রীমতী সরস্বতী ঘোষের সম্পত্তি ।

দক্ষিণে : ৩৪ নং পূর্ণ চন্দ্র মিত্র লেন উক্ত প্রেমিসেস ভুক্ত সম্পত্তি ।

পূর্বে : ২ নং গ্রহিতা শ্রী অমিত কুমার ঘোষের অনুকূলে সেটেলমেন্ট কৃত সম্পত্তি ।

পশ্চিমে : ৩' ফুট ৬' ফুট প্রশস্ত কমন প্যাসেজ তদপর ৯২।১,পূর্ণ চন্দ্র মিত্র লেন উক্ত প্রেমিসেস ॥

[illegible]

[illegible]

'গ' তপশীল ভুক্ত সম্পত্তি যাহা ২ নং বেনিফিসিয়ারী বা
গ্রহিতা শ্রী অমিত কুমার ঘোষের নিব্যুঢ় প্রাপ্ত হইবে
পরিচয় ও উহার চৌহদ্দি -

**********************************************

উপরোক্ত 'ক' তপশীল ভুক্ত সম্পত্তির মধ্যে অত্র সাথ গ্রথিত নকসায় কৃত চিহ্নিত মতে প্রদর্শিত ইং লট নং "বি" রূপে চিহ্নিত সবুজ রং- এ সীমাকৃত অংশ যাহা দানসূত্রে প্রাপ্ত সমুদয় একতল পাকা গৃহাদির মধ্যে পূর্বোল্লিখিত মোট কমবেশী ৪৩২ ১/২ বর্গ ফুট পরিমিত বাস্তু জমি জমা মায় তদুপরিস্থিত এক কামরা শয়ন ঘর, সিঁড়ি, রান্না ঘর, বাথরুম পায়খানা মায় তদ সংলগ্ন পশ্চিম দিকে ৪ ফুট আংশিক প্রশস্ত এবং ৩ ফুট ৬ ইঞ্চি প্রশস্ত পূর্ণ চন্দ্র মিত্র লেনের লিংক প্যাসেজের উপরিস্থিত সর্বপ্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি অত্র দলিলের ২ নং সেটেলমেন্ট গ্রহিতা একক নিব্যুঢ় স্বত্বে প্রাপ্ত হইবেক ।

উহার আনুমানিক মূল্য - ৩০,০০০ ত্রিশ হাজার টাকা

উহার চৌহদ্দি : -

**************

উত্তরে : শ্রীমতী সরস্বতী ঘোষের সম্পত্তি ।

দক্ষিনে : ৩৪ নং পূর্ণ চন্দ্র মিত্র লেন, প্রেমিসেস ভুক্ত সম্পত্তি ।

পূর্বে : ৪৫ নং পূর্ণ চন্দ্র মিত্র প্রেমিসেস ভুক্ত সম্পত্তি ।

পশ্চিমে : ১ নং গ্রহিতা শ্রী সুমিত কুমার ঘোষের অনুকূলে সেটেলমেন্টকৃত সম্পত্তি ।

